ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৩৭৭

উদয়পুর, ১৪ আগস্ট, ২০২৫

**উদয়পুরে স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠান**
**হবে স্পোর্টস কমপ্লেক্স গ্রাউন্ডে : জেলাশাসক**

৭৯ তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে গোমতী জেলাভিত্তিক মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে উদয়পুর স্পোর্টস কমপ্লেক্স গ্রাউন্ডে। সেখানে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করবেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। আজ গোমতী জেলার জেলাশাসকের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে এই কথা জানান গোমতী জেলার জেলা শাসক রিঙ্কু লাথের। তিনি বলেন, প্রভাতফেরির মধ্য দিয়ে স্বাধীনতা দিবস উদযাপনের কর্মসূচি শুরু হবে।শেষ হবে সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে। তিনি আরো জানান, এবছর স্পোর্টস কমপ্লেক্স গ্রাউন্ডে পাঁচটি স্কুল সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেবে। স্কুল গুলি হল, উদয়পুর ডনবস্কো স্কুল,আসাম রাইফেলস পাবলিক স্কুল, শালগড়া উচ্চতর মাধ্যমিক স্কুল, গোকুলপুর কলোনী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং চন্দ্রপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়। যোগা প্রদর্শনীরও আয়োজন করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিনিয়র ডেপুটি কালেক্টর আশু রঞ্জন দেববর্মা।

******